মেহেরপুরে বিশ্ব মা দিবস পালিত

“শেখ হাসিনার বারতা নারী-পুরুষ সমতা”এই প্রতিপাদ্যে মেহেরপুরে বিশ্ব মা দিবস পালিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা প্রশাসন ও জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে আজ রবিবার (১২ মে) দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নীলা হাফিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

এছাড়াও এসময় জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালাম, অতিরিক্ত জেলা প্রশাসক শামীম ভূঁইয়া, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজী নাজিব হাসান, জেলা সমাজসেবা কর্মকর্তা কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, জেলা তথ্য অফিসার আব্দুল আল মামুন প্রমূখ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বিশ্ব মা দিবস উদযাপন

মুজিবনগরে নানা আয়োজনে বিশ্ব মা দিবস উদযাপন করা হয়েছে। আজ রবিবার (১২ মে) সকালে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ের আয়োজনে, বিশ্ব মা দিবস উদযাপন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দিবসটি উদযাপন উপলক্ষে সকালে মজিবনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন এর নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয় র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে শেষ হয়ে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

সেলিম রেজার সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দিন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য ও প্যানেল চেয়ারম্যান বাবুল মল্লিক, ৫ নম্বর ওয়ার্ড সদস্য রকিব উদ্দিনসহ উপজেলা কর্মকর্তা কর্মচারী এবং এলাকার মায়েরা।

নির্বাচন থেকে সরে দাঁড়ালেন চেয়ারম্যান প্রার্থী লাইলা আরজুমান শিলা

গাংনী উপজেলা পরিষদ নির্বাচন থেকে ঘোষণা দিয়ে সরে দাঁড়ালেন দোয়াত কলম প্রতীকের চেয়ারম্যান প্রার্থী লাইলা আরজুমান বানু শিলা।

আজ রবিবার (১২ মে) বিকেলে লাইলা আরজুমান বানু শিলা তার গাংনীস্থ বাসাতে সাংবাদিক সম্মেলন করে নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন তিনি।

চেয়ারম্যান প্রার্থী লাইলা আরজুমান বানু শিলার পক্ষে তার স্বামী সদ্য সাবেক জাতীয় সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন নির্বাচন থেকে সরে দাঁড়ানোর এই ঘোষণা দেন। তিনি বলেন, “পারিবারিক কারনেই আমরা এই নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিচ্ছি।

তিনি বলেন, উপজেলা পরিষদ নির্বাচনে জেলা ও উপজেলা আওয়ামীলীগের একাধিক নেতা চেয়ারম্যান পদে প্রার্থী হয়েছেন। একাধিক প্রার্থী হওয়ায় নির্বাচনকে কেন্দ্র করে দলের মধ্যে বিভ্রান্তি হচ্ছে। নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ফলে কিছুটা হলেও সেখান থেকে মুক্ত হবে দল। নেতা কর্মীরা তাদের পছন্দমত যে কোনো একজনকে চেয়ারম্যান হিসেবে নির্বাচিত করবেন। সেই প্রত্যাশা নিয়ে একান্ত আমাদের

ব্যক্তিগত ও পারিবারিক কারণেই এই নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিচ্ছি। আমরা চাই, গাংনীর আওয়ামীলীগ পরিবারের সকল নেতা কর্মী তাদের মধ্যে ভ্রাতৃত্বের বন্ধন নিয়ে এই নির্বাচনে অংশগ্রহণ করবেন। তাদের পছন্দ এবং যোগ্যতম নেতাকেই বেঁচে নেবেন বলে আমি বিশ্বাস করি।

আমার স্ত্রী লাইলা আরজুমান বানু শিলা গাংনীর জনপদে নারী জাগরণে ব্যাপক কাজ করেছেন।‘সামাজিক, রাজনৈতিক দিক বিবেচনা করে গাংনী উপজেলা নির্বাচন থেকে সরে দাঁড়াচ্ছি। নির্বাচনে নিজ নিজ পছন্দের প্রার্থীকে ভোট দেয়ার অনুরোধ করছি। এসময় গাংনী উপজেলা উপজেলা আওয়ামীলীগের সাবেক সাংগাঠনিক নজরুল ইসলাম, শিক্ষা বিষয়ক সম্পাদক মনিরুজ্জামান মাস্টারসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনী উপজেলা নির্বাচনে যারা প্রতিদ্বন্দ্বিতা করছেন তাদের মধ্যে চেয়ারম্যান পদে জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও বর্তমান উপজেলা চেয়ারম্যান এমএ খালেক (আনারস), সাবেক চেয়ারম্যান এ কে এম শফিকুল আলম (কাপ পিরিচ), গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল (হেলিকপ্টার)

মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ও সাবেক উপজেলা ভাইসচেয়ারম্যান জুলফিকার আলী ভূট্টো(কৈ মাছ), সাবেক উপজেলা ভাইসচেয়ারম্যান অ্যাডভোকেট রাশেদুল হক জুয়েল (ঘোড়া), গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মো: মোশাররফ হোসেন ও স্থানীয় ব্যবসায়ী মুকুল জোয়ার্দ্দার (শালিক পাখি)। এছাড়া ভাইস চেয়ারম্যান পদে, মো: ফারুক হাসান (টিউবওয়েল), মো: দেলোয়ার হোসেন মিঠু (তালা), মো: রেজাউল করিম (চশমা), এবং মহিলা ভাইসচেয়ারম্যান পদে, বর্তমান মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমিন (হাঁস), নাসিমা খাতুন (ফুটবল) ও জাকিয়া আক্তার (কলস) প্রতীকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করছেন।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় শশুর ও

পুত্রবধু আহত

মেহেরপুর—কুষ্টিয়া সড়কের চোখতোলা নামক স্থানে নির্মাণাধীন রাস্তার ছড়ানো খোঁয়ায় মোটরসাইকেল দুর্ঘটনায় শশুর জামাল উদ্দীন (৭৫) ও তার পুত্রবধু তমা খাতুন (২৪) মারাত্বক আহত হয়েছেন।

আজ রবিবার সন্ধ্যায় এই দুর্ঘটনা ঘটে। আহতদের বাড়ি গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

আহত জামাল উদ্দীন জানান, সন্ধ্যার দিকে পুত্রবধু তমা খাতুনকে নিয়ে মোটরসাইকেলযোগে গাংনী উপজেলার চেংগাড়া থেকে নিজ গ্রাম হোগলবাড়িয়াতে যাচ্ছিলেন। চোখতোলা নামক স্থানে রাস্তার উপর ছড়ানো পাথরের উপর মোটরসাইকেলের চাকা উঠে গেলে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার উপর পড়ে যায়। পরে স্থানীয়রা তাদের আহতাবস্থায় উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন।

গাংনীতে ব্যবসায়ীর ফেলে যাওয়া টাকা ফেরত দিলো পাখিভ্যান চালক

পাখি ভ্যানের উপর ফেলে যাওয়া ৯ লাখ টাকা ফিরে পেলেন গাংনী উপজেলা শহরের কাঁচামালের আড়ৎ ব্যবসায়ী সাহাজুল ইসলাম।

আজ সোমবার (১২ মে) দুপুর ২ টার দিকে টাকার মালিক সাহাজুল ইসলামকে পাখি ভ্যান চালক স্বন্দীপন তার ভ্যানে ফেলে যাওয়া টাকাসহ ব্যাগটি ফিরিয়ে দেন।

এসময় গাংনী বাজার কমিটির সভাপতি সালাহ উদ্দীন শাওনসহ স্থানীয় ব্যবসায়ীরা উপস্থিত ছিলেন।

পাখিভ্যান চালক স্বন্দীপন গাংনী পৌর এলাকার চৌগাছা গ্রামের খ্রীস্টান সম্প্রদায়ের মনার ছেলে।

গাংনী বাজারের বিশিষ্ট সবজি আড়ত ব্যবসায়ী সাহাজুল ইসলাম জানান, সকালের দিকে গাংনী কাঁচাবাজার এলাকা থেকে স্বন্দীপনের পাখিভ্যানে চড়ে আমার নিজ বাড়িতে আসি। টাকার ব্যাগটি ভ্যানের চালকের সিটের পেছনে হুকের সাথে ঝুলিয়ে রেখেছিলাম। ভ্যান থেকে নেমে যাওয়ার সময় টাকার ব্যাগটি নিতে ভুলে গেছিলাম। পরে ভ্যান চালককে খুঁজছিলাম। এসময় ভ্যান চালক স্বন্দীপন টাকার ব্যাগটি নিয়ে আমাকে খুঁজছিলেন। পরে বাজার কমিটির সভাপতি সালাহ উদ্দীন শাওনের মাধ্যমে আমাকে টাকার ব্যাগটি ফিরিয়ে দেন।

এদিকে ভ্যান চালক স্বন্দীপনের মহত্ব দেখে গাংনী বাজার কমিটির সভাপতি সালাহ উদ্দীন তার ফেসবুক পেজে লিখেছেন, “আমি আজ সত্যিই গর্বিত যে, স্বন্দিপের মতো মানুষের প্রতিনিধি হতে পেরে”।

গাংনীর তেঁতুলবাড়িয়াতে বিশ্ব মা দিবস উপলক্ষে আলোচনা সভা

দরিদ্র দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচির আওতায় বিশ্ব মা দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর উদ্যোগে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে রবিবার (১২ মে) সকালে গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নে সমৃদ্ধি শাখার কার্যালয়ে এ আলোচনা সভার অনুষ্ঠিত হয়।

আলোচনা সভার সভাপতিত্ব করেন তেতুলবাড়ীয়া ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি মোঃ আব্দুল লতিফ। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতির সভাপতি জনাব মোঃ রমজান আলী।

এছাড়াও সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী মোঃ জামিদুল ইসলাম, সমৃদ্ধি কর্মসূচির সমাজ উন্নয়ন কর্মকর্তা মোঃ রাকিবুল ইসলামসহ তেতুলবাড়ীয়া ইউনিয়নের সর্বস্তরের মায়েরা উপস্থিত ছিলেন।

রাস্তা না থাকায় নির্মাণের ৭ মাসেও চালু হয়নি সেতু

মেহেরপুর-কুষ্টিয়া জেলার বেতবাড়িয়া-মধুখালী গ্রামের মাথাভাঙ্গা নদীর উপর নির্মাণ কাজ শেষ হলেও ৭ মাসেও চালু হয়নি সেতুটি। রাস্তা না হওয়ার কারনে সেতুটি ব্যবহার করতে পারছেনা দুই জেলার কয়েক লাখ বাসিন্দা। ফলে চরম দূর্ভোগে পড়েছে এলাকাবাসি। জটিলতা কাটিয়ে দ্রত সময়ের মধ্যে চলাচলের উপযোগি করার দাবি স্থানীয়দের।

চলতি বছর প্রায় সাড়ে ৭ কোটি টাকা ব্যয়ে গাংনী ও দৌলৎপুর উপজেলার বেতবাড়িয়া-মধুগাড়ী মাথাভাঙ্গা নদীর উপর গার্ডার সেতু নির্মান করে এলজিইডি। দৌলতপুর উপজেলার পাশে সংযোগ সড়ক তৈরি হয়েছে কিন্তুু জমি অধিগ্রহন জটিলতায় সেতু নির্মাণের ৭ মাসেও গাংনী অংশের সংযোগ সড়ক তৈরি করতে না পারায় সেতুটি ব্যবহার করতে পারছেনা দুই উপজেলার কয়েকলাখ মানুষ। সামান্য রাস্তা না থাকায় ৫ কিলোমিটার পথ ঘুরে যাতায়াত করতে হচ্ছে গাংনী ও দৌলতপুর উপজেলার বাসিন্দাদের। এতে খরচের পাশাপাশি এ অঞ্চলের কৃষক, ব্যবসায়ী, শিক্ষার্থী সহ এলাকাবাসি চরম দূর্ভোগে পড়েছে। কৃষকরা পায়ে হেটে মাথায় ক্ষেতের ফসল নিয়ে অনেক কষ্ট করে সেতুতে উঠতে হচ্ছে। তাছাড়া মোটরসাইকেল,ভ্যান ও বাইসাইকেল কয়েকজন মিলে ঠেলে সেতুতে উঠলেও সংযোগ সড়ক না থাকায় বাস ট্রাক সহ বড় ধরনের যান চলাচল বন্ধ রয়েছে। একারনে এক এলাকার সবজী বা কৃষি পন্য অন্য এলাকায় যেতে পারছেনা। জমিজটিলতা কাটিয়ে সেতুটি চলাচলের উপযোগি করা হলে দুই জেলার বাসিন্দাদের ব্যবসা বাণিজ্যের প্রসার ও শিক্ষাসহ নানা সুবিধা পাবে।

স্থানীয়রা জানায়, সেতু নির্মাণ হয়েছে কিন্তু রাস্তা না থাকায় রুগীরা চিকিৎসা সেবা নিতে যেতে পারেনা। দ্রুত রাস্তা হয়ে গেলে আমাদের ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটবে। আমাদের সব কাজ সহজ হয়ে যাবে।

কৃষক আব্দুল জলিল বলেন, মাথায় করে বোঝা (ফসল) নিয়ে আনতে অনেক কষ্ট হয়। মাথায় বোঝা নিয়ে সেতুতে উঠতে পারি না।

কাজিপুর ইউনিয়ন পরিষদের সদস্য বেতবাড়িয়া গ্রামের বাসিন্দা মো: সাইদুর রহমান বলেন, দৌলৎপুর অংশে রাস্তা হয়েছে গাংনী অংশে সামান্য রাস্তা না হওয়ায় সেতুটি কোন কাজেই লাগছেনা। এ অঞ্চলের মানুষ চরম দূর্ভোগে পড়েছে।

ভ্যান চালক রফিকুল ইসলাম বলেন, সরকার কোটি টাকা ব্যয়ে সেতু তৈরি করলেও যাতায়াত করা যাচ্ছেনা। রাস্তাটি নির্মান করা হলে চলাচলে সুবিধা হবে। সমস্যা সমাধান করে দ্রুত চলাচলের উপযোগী করে দেওয়ার জোর দাবি জানাচ্ছি।

স্যালো ইঞ্জিন চালক আব্দুর রাজ্জাক বলেন, সামান্য রাস্তা না থাকায় ৫ কিলোমিটার ঘুরে গাংনী কিংবা দৌলৎপুর যেতে হয়। সরকার কোটি কোটি টাকা ব্যায়ে সেতু নির্মাান করলেও সামান্য রাস্তা না থাকায় সেতুটি পড়ে রয়েছে।

গাংনী উপজেলা প্রকৌশলী মো: ফয়সাল হোসেন বলেন, জমি অধিগ্রহণ জটিলতায় আটকে গেছে দাবি করে সমাধানের চেষ্টা চলছে বলে জানিয়েছে তিনি।

গাংনীর রংমহলে বিজিবির অভিযানে ৬ কেজি গাঁজাসহ আটক ২

৬ কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) রংমহল ক্যাম্প।

আটকরা হলেন, গাংনী উপজেলার রংমহল গ্রামের আলম শেখের ছেলে শাহারুল ইসলাম (৩৩) ও একই গ্রামের আব্দুল গনির ছেলে মিজানুর রহমান (৩০)।

আজ শনিবার (১১ মে) সকালের দিকে মেহেরপুরের গাংনী উপজেলার ভারতীয় সীমান্তের আন্তর্জাতিক ১৩৭/৪ এস পিলারের নিকট বাংলাদেশের অভ্যন্তরে একটি ঘাসের জমিত অভিযান চালিয়ে তাদের আটক করেন। এসময় তাদের কাছ থেকে বস্তায় প্যাকেট অবস্থায় ৫ কেজি ৮ শ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। ৪৭ বিজিবির রংমহল ক্যাম্পের কমান্ডার হাবিলদার

মোহা: রবিউল ইসলাম এই অভিযানে নেতৃত্ব দেন।

হাবিলদার মোহা: রবিউল ইসলাম জানান, সীমান্তবর্তি রংমহল মাঠের একটি নেপিয়ার ঘাসের জমিতে পাচারের উদ্দ্যেশ্যে ফেনসিডিলের একটি চালান প্রস্তুত করা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়। অভিযানে ৫ কেজি ৮ শ গ্রাম গাঁজাসহ শাহারুল ইসলাম ও মিজানুর রহমানকে আটক করা হয়। আটক দুজনই এলাকার শীর্ষ মাদক ব্যবসায়ী। তাদের বিরুদ্ধে মাদকের অভিযোগে একাধিক মামলা রয়েছে।

এঘটনায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণীর ১৯(ক) ধারায় মামলা দায়ের করা হয়েছে। আসামিদের আজ শনিবার বেলা ১২ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগর স্মৃতিসৌধে নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের পুষ্পস্তবক অর্পন

মুজিবনগরে নবনির্বাচিত উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলু এবং ভাইস চেয়ারম্যান বিএম জাহিদ হাসান রাজীব, ভাইস চেয়ারম্যান (মহিলা) তোকলিমা খাতুন মজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন।

আজ শুক্রবার বিকেলে নেতাকর্মীদের সাথে নিয়ে নবনির্বাচিত চেয়ারম্যান গন এই পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

পুষ্পস্তবক অর্পণ শেষে নবনির্বাচিত মুজিবনগর উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলু এক প্রশ্নের জবাবে বলেন, আল্লাহর রহমতে এবং মানুষের ভালোবাসায় আমি উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হয়েছি আর সেই সাথে আমি দুইজন সুযোগ্য ভাইস চেয়ারম্যান পেয়েছি। ভবিষ্যতে

আমি দ্বিধা বিভক্ত মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সমস্ত ক্ষত সারিয়ে সবাইকে একসাথে নিয়ে একটি শক্তিশালী আওয়ামীলীগ, যুবলীগ, কৃষকলীগ,, যুবমহিলা লীগ, ছাত্রলীগ গড়ে তুলবো। গত নির্বাচনে আপনারা সেটি দেখতে পেয়েছেন আমি নির্বাচিত হয়ে আমাদের সাবেক উপজেলা আওয়ামী লীগের সভাপতি ত্যাগী নেতা জিয়াউদ্দিন বিশ্বাসের সাথে দেখা করেছি বর্তমান সভাপতি আমার প্রতিদ্বন্দ্বী প্রার্থী রফিকুল ইসলাম তো তার সাথেও দেখা করেছি। আমি চাই মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের মধ্যে যে দ্বিধাবিভক্ত আছে সমস্ত বিভক্ত দূর করে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগকে একটি শক্তিশালী সংগঠনে পরিণত করার মাধ্যমে আমাদের প্রাণপ্রিয় জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের হাতকে শক্তিশালী করে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উন্নয়নকে গতিশীল করে মানুষের দ্বারে দ্বারে পৌঁছে দেওয়া।

এ সময় মুজিবনগর উপজেলার বিভিন্ন গ্রামের আওয়ামীলীগের নেতাকর্মী, উপজেলা যুবমহিলা লীগকৃষক লীগ ও ছাত্রলীগের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে গলায় রশি দিয়ে এক কিশোরের আত্মহনন

মুজিবনগরে মোটরসাইকেল কিনে না দেওয়ায় বাবা মার ওপর অভিমান করে গলায় রশি দিয়ে আত্মহত্যা করেছে সোহান (১৬) নামের এক কিশোর।

সে উপজেলার দারিয়াপুর ইউনিয়নের পুরন্দরপুর গ্রামের বাজার পাড়ার মফিজুর রহমানের ছেলে। আজ শুক্রবার সকালে নিজ বাড়িতে গলায় দড়ি দিয়ে সে আত্মহত্যা করে।

দারিয়াপুর ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য শাহজাহান জানান, সোহান এবার দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয় হতে এসএসসি পরীক্ষা দিয়েছে সামনে ১২ তারিখ তার রেজাল্ট। সে মা-বাবার কাছে একটি মোটরসাইকেল কেনার জন্য দাবি করে মা বাবা মোটরসাইকেল দিতে প্রথমত রাজি হয়নি পরে তার জোরাজুরিতে তাকে মোটরসাইকেল কিনে দিতে রাজি হয়। ঘটনার সে দিন দাবি করে আজকে তাকে মোটরসাইকেল কিনে

দিতে হবে। এই নিয়ে সকালে সোহানের বাবা-মা তাকে বকাঝকা করে এমনকি তার মা তাকে একটি থাপ্পড় দেয়। এই অভিমানে সোহান সবার অগোচরে ঘরের ফ্যানের সাথে রশি পেঁচিয়ে গলায় দিয়ে আত্মহত্যা করে পরিবারের লোকজন তাকে দেখতে পেয়ে উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এ নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

এ বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি উজ্জ্বল কুমার দত্ত ঘটনা সত্যতা স্বীকার করে জানান, সোহান তার বাবা মার কাছে মোটরসাইকেল দাবি করলে বাবা-মা কিনে না দেওয়াই সে অভিমান করে ঘরের স্যারের সাথে রশি পেঁচিয়ে গলায় দিয়ে আত্মহত্যা করে এ বিষয়ে পুলিশে তদন্ত করছে কোন অভিযোগ না থাকায় লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।